গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা কার্যালয়
মেহেন্দিগঞ্জ,বরিশাল ।

স্মারক নং- উমাশিঅ/ মেহেন্দি/বরি/২০২৩/ ৯৪৭

তারিখ ঃ ১০/১০/২০২৩খ্রিঃ।

বিষয় ঃ স্থায়ী কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের আওতাধীন উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির এক সভা আগামী ১২/১০/২০৩ ইং তারিখ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ ও সভাপতি , উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটি, মেহেন্দিগঞ্জ এর অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে এক জরুরী সভা অনুষ্ঠিত হবে । উক্ত সভায় আপনাকে একজন স্থায়ী কমিটির সম্মানিত সদস্য হিসেবে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

১০/১০/২০২৩

( মোঃ হুমায়ুন কবির )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেন্দিগঞ্জ,বরিশাল।

প্রাপক ঃ

.........................................................................
.........................................................................

স্মারক নং- উমাশিঅ মেহেন্দি/বরি/২০২৩/

তারিখ ঃ ১০/১০/২০২৩খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে জন্য অনুলিপি প্রেরন করা হলো।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল ।
০২। জেলা শিক্ষা অফিসার, বরিশাল ।
০৩। উপজেলা নির্বাহী অফিসার, মেহেন্দিগঞ্জ, বরিশাল ।
০৪। ভাইস চেয়ারম্যান ,উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ,বরিশাল ।
০৫। অফিস কপি ।

১০/১০/২০২৩

(মোঃ হুমায়ুন কবির )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মেহেন্দিগঞ্জ,বরিশাল।

# মেহেন্দিগঞ্জ উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটির ১২/১০/২০২৩ইং তারিখের সভার কার্য বিবরনী।

সভাপতি ঃ মোঃ খোরশেদ আলম ভুলু
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
মেহেন্দিগঞ্জ, বরিশাল ।

সভার স্থান ঃ উপজেলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।

সভার তারিখ ঃ ১২/১০/২০২৩ ইং রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ঘটিকা ।

( উপস্থিত সদস্য বৃন্দের নাম ভিন্ন সীটে সংরক্ষিত)

<u>আলোচ্য সূচী ঃ</u>

১. .২০২৪ সালেরসকল স্কুল, কলেজ ও মাদ্রাসার ৬ষ্ঠ এবং একাদশ শ্রেণিতে ভর্তি সম্পর্কে আলোচনা ।

২. ২০২৪ সালের বিনামূল্যের পাঠ্যপুস্তক গ্রহন সম্পর্কে আলোচনা ।

৩. এম এম সি ক্লাস সম্পর্কে আলোচনা ।

৪. বিবিধ

অদ্য ১২/১০/২০২৩ ইং রোজ বৃহস্পতিবার সকাল ১১.০০ ঘটিকায় মোঃ খোরশেদ আলম ভুলু, ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ ও সভাপতি, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি ,মেহেন্দিগঞ্জ ,বরিশাল এর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্য আরম্ভ করেন । সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে ১নং আলোচ্য সূচীর উপর আলোকপাত করে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সদস্য সচিব মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি জানান যে এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২৪ সালে ৬ষ্ঠ এবং একাদশ শ্রেণিতে সরকারী নীতিমালার আলোকে লটারীর মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। সভায় ভর্তি প্রক্রিয়া সম্পার্কে বিস্তারিত আলোচনা হয় অতপর সকল প্রস্ঠিানে সরকারি নীতিমালা অনুসরণ পুর্বক ভর্তি প্রত্রিয়া সম্পন্নের নিমিত্তে নির্দেশনা প্রদান করার জন্য সদস্য সচিব কে অনুরোধ জানানো হয় ।

২নং আলোচ্য সূচীর উপর আলোচনার শুরুতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে অবহিত করেন যে ২০২৪ সালের বিনামুল্যের পাঠ্যপুস্তক ইতিমধ্যেই উপজেলায় সরবরাহ শুরু হয়েছে। ২০২৪ সালের পাঠ্যপুস্তক রাখার মত কোন গুদাম নেই । সরকারি পাতারহাট মুসলিম মডেল উচ্চ বিদ্যালয়ের একটি কক্ষে রাখা হয় । উক্ত কক্ষটি ছোট হওয়ায় জায়গা সংকুলন হয় না বিধায় এ রকম আরো কম পক্ষে ০৪ট রুম প্রয়োজন । সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় । আলোচনান্তে পাঠ্যপুক রাখার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন বলে সভাপতি সাহেব সভায় অবহিত করেন ।

৩নং আলোচ্য সূচীর আলোচনায় সভাপতি সাহেব এ.এম.সি ক্লাসের বিষয়ে জানতে চাইলে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অবহিত করেন যে প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান রুটিন করে এম এমস সি ক্লাস পরিচালনা করছেন। বিভিন্ন প্রতিকুলতা থাকা সত্ত্বেও প্রায় ৪০-৪৫% শিক্ষার্থী অনলাইন ক্লাসে সংযুক্ত হয়ে উপকৃত হচ্ছে।

অতপর সভায় আর কোন আলেচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃখোরশেদ আলম ভুলু )
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি
মেহেন্দিগঞ্জ,বরিশাল।

তারিখ ঃ ১২/১০/২০২৩ ইং ।

স্মারক নং- উমাশিঅ/মেহেন্দি/বরি/২০২৩/ ৯৪ ৭(৬)

সদয় অবগতির জন্য অনুলিপিপ্রেরন করা হলো ঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মেহেন্দিগঞ্জ, বরিশাল।

০২। উপজেলা নির্বাহী অফিসার,মেহেন্দিগঞ্জ, বরিশাল।

০৩।জেলা শিক্ষা অফিসার,বরিশাল।

০৪। জনাব ..................................................................................

০৫/ অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/সুপার /

..........................................................................................................

০৬। সংশ্লিষ্ট নথি অ

১২/১০/২০২৩

( মোঃ হুমায়ুন কবির )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটি
মেহেন্দিগঞ্জ,বরিশাল।

### উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটির সভায় উপস্থিতির তালিকা।

সভার স্থান : উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১২-১০-২০২৩
সময় : সকাল ১০.০০ ঘটিকা

| ক্রঃ নং | কর্মকর্তাদের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ খোরশেদ আলম (ভুলু)<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল। | সভাপতি | ১২-১০-২০২৩ |
| ০২ | রওমান বিনতে শফিকুল ইসলাম<br>মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, মেহেন্দিগঞ্জ, বরিশাল | সদস্য | 12.10.23 |
| ০৩ | চেয়ারম্যান<br>চরএকরিয় ইউনিয়ন পরিষদ,<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল। | সদস্য | ১২/১০/২০২৩ |
| ০৪ | চেয়ারম্যান<br>চরগোপালপুর ইউনিয়ন পরিষদ<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল | সদস্য | |
| ০৫ | চেয়ারম্যান<br>মেহেন্দিগঞ্জ ইউনিয়ন পরিষদ<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল | সদস্য | 12-10-2023 |
| ০৬ | উপজেলা শিক্ষা অফিসার,<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল | সদস্য | |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>মেহেন্দিগঞ্জ, বরিশাল | সদস্য-সচিব | ১২.১০.২৩ |